

পশ্চিমবঙ্গ সরকার
খাদ্য ও সরবরাহ দপ্তর
১১এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা-৭০০০৮৭



জরুরি বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকার সাড়ে সাত কোটি রাজ্যবাসীকে খাদ্যসাথী প্রকল্পের আওতায় এনেছে।

যাঁরা জাতীয় খাদ্য সুরক্ষা আইন বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ডিজিটাল কার্ড পাননি অথবা কার্ডে যদি ভুল থাকে অথবা নতুন কার্ড দূরবর্তী কোনও ডিলারের সাথে যুক্ত হয়ে থাকে তবে যতদিন পর্যন্ত না নতুন কার্ড পান বা কার্ড সংশোধন হয় ততদিন পুরনো দোকান থেকেই রেশন পাবেন। সংশ্লিষ্ট ফর্মে সংযোজন (Form No.III-R/III-U বা IV-R/IV-U), সংশোধন (Form No.V-R/V-U) বা ডিলার পরিবর্তনের জন্য (Form No.VI-R/VI-U) আবেদন করার তিন মাসের মধ্যে আবেদনের নিষ্পত্তি করা হবে।

এই পরিশ্রেষ্টিতে এখনও জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSY) কার্ড পাননি এমন ব্যক্তি যদি ভতুর্কি-যুক্ত খাদ্যশস্য পেতে চান সে ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিগুলি অবলম্বন করতে হবে।

অস্ত্রোদয় অন্ন যোজনা (AAY) খাদ্য সামগ্রী পেতেন কিন্তু জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSY) কার্ড পাননি এমন ব্যক্তি যদি তাঁর পুরনো রেশন কার্ড যার উপরে “NFSA/RKSY card delivered” এই মর্মে কোনও স্ট্যাম্প নেই সেরকম কার্ড সংশ্লিষ্ট রেশন দোকানে উপস্থাপন করে খাদ্যশস্য পেতে চান তবে তাঁকে ফর্ম নং III বা IV পূরণ করে সংশ্লিষ্ট রেশন দোকানে জমা দিতে হবে। পূরণ করা ফর্ম পেলে ততক্ষণাৎ সংশ্লিষ্ট ডিলার তাঁকে পরিবার পিছু মাসে ৬৫ কিলোগ্রাম খাদ্যশস্য (১৫ কেজি চাল ও ২০ কেজি গম/আটা) ২ টাকা কিলো দরে দেবেন।

অন্য যে কোনও রেশন কার্ডে খাদ্য সামগ্রী পেতেন কিন্তু জাতীয় খাদ্য সুরক্ষা আইন (NFSA) বা রাজ্য খাদ্য সুরক্ষা যোজনার (RKSY) কার্ড পাননি এমন ব্যক্তি যদি তার পুরনো রেশন কার্ড যার উপরে “NFSA/RKSY card delivered” এই মর্মে কোনও স্ট্যাম্প নেই সেরকম কার্ড সংশ্লিষ্ট রেশন দোকানে উপস্থাপন করে খাদ্যশস্য পেতে চান তবে তাঁকে ফর্ম নং III বা IV পূরণ করে সংশ্লিষ্ট রেশন দোকানে জমা দিতে হবে। পূরণ করা ফর্ম পেলে ততক্ষণাৎ সংশ্লিষ্ট ডিলার তাঁকে মাথা পিছু মাসে ৫ কিলোগ্রাম খাদ্যশস্য (২ কেজি চাল ও ৩ কেজি গম) ২ টাকা কিলো দরে (আটার ক্ষেত্রে ৩.৫০ টাকা কিলো দরে) দেবেন।

অনিবার্য কারণবশত ডিলারদের দোকানে প্রয়োজনীয় খাদ্যশস্যের পরিমাণে সরবরাহজনিত যদি কোনও সমস্যা থাকে তবে সংশ্লিষ্ট রেশন দোকানদার রেশন গ্রাহকদের একটি “Due Slip” দেবেন এবং এই ধরনের গ্রাহকদের সমস্ত তথ্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। গ্রাহক ১৫দিনের মধ্যে তার প্রাপ্য খাদ্যশস্য পাবেন।

এই ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে।

জনসাধারণের জ্ঞাতার্থে বিভিন্ন শ্রেণির রেশন কার্ডে প্রাপ্য খাদ্যশস্যের পরিমাণ ও মূল্য নিচের তালিকায় দেওয়া হল।

রেশন কার্ডের শ্রেণি	প্রাপ্যের পরিমাণ (মাসে)		দাম/কেজি	
	চাল	গম/আটা	চাল	গম/আটা
অস্ত্রোদয় অন্ন যোজনা শ্রেণিভুক্ত কার্ড (পরিবার পিছু)	১৫ কেজি	২০ কেজি	২ টাকা	২ টাকা গম/২ টাকা আটা
PHH শ্রেণিভুক্ত কার্ড, SPHH শ্রেণিভুক্ত কার্ড (মাথাপিছু)	২ কেজি	৬ কেজি	২ টাকা	২ টাকা গম/৩.৫০ টাকা আটা
রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা-১ (RKSY-I) ভুক্ত কার্ড (মাথাপিছু)	২ কেজি	৬ কেজি	২ টাকা	২ টাকা গম/৩.৫০ টাকা আটা
রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা-২ (RKSY-II) ভুক্ত কার্ড (মাথাপিছু)	১ কেজি	১ কেজি	১৬ টাকা	৯ টাকা গম /১০.৫০ টাকা আটা

যদি আপনি রেশন কার্ড না পেয়ে থাকেন বা যদি দেখেন উপভোক্তা তালিকায় নাম নেই বা ডিজিটাল রেশন কার্ড পাননি অথবা রেশন কার্ডে কোনও ভুল আছে, তাহলে খাদ্য সরবরাহ দপ্তরের ওয়েবসাইট www.wbpd.gov.in বা www.helpdesk.wbfood.in/Form_Download.aspx থেকে ফর্ম ডাউনলোড করে সংশ্লিষ্ট রেশন দোকানে/ব্লক অফিসে/মিউনিসিপ্যালিটি বা বোরো অফিস (কলকাতার জন্য) জমা দিতে পারেন। আপনার আবেদন যথাযথ ভাবে বিবেচনা করা হবে।

Form III-R/III-U নতুন নাম তোলার জন্য, IV-R/IV-U পরিবারের কেউ বাকি থাকলে তার নাম অন্তর্ভুক্তির জন্য, Form V-R/V-U নাম বা ঠিকানা সংশোধনের জন্য ও Form VI-R/VI-U রেশন দোকান পরিবর্তনের জন্য।